



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
পরীক্ষা শাখা

www.sylhetboard.gov.bd



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৫০০.২৯.০০১.২১.৪

তারিখ: ৬ মাঘ ১৪২৭

২০ জানুয়ারি ২০২১

বিষয়: ২০২০ সালের জেএসসি পরীক্ষার্থীদের Online এ ফরম পূরণ/নাম অন্তর্ভুক্তি প্রসঙ্গে।

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি পরীক্ষা গ্রহণ না করে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণিতে উত্তীর্ণ করা হয়েছে। ইতোমধ্যে এ সকল শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ সনদ প্রদানের সিদ্ধান্তও গৃহিত হয়েছে। শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ সনদ প্রদানের লক্ষ্যে Online এ ফরম পূরণ/নাম অন্তর্ভুক্তির নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

১। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.sylhetboard.gov.bd) এ দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ২৩/০১/২০২১ থেকে ২৯/০১/২০২১ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে এবং ৩০/০১/২০২১ ও ৩১/০১/২০২১ তারিখে Finalization করতে হবে।

(ক) Finalize বাটন এ ক্লিক করে অবশ্যই Final submit করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পূর্ণ হবে না।

(খ) Final submit সম্পূর্ণ না হলে উত্তীর্ণ সনদ দেয়া হবে না।

২। ফরম পূরণ/নাম অন্তর্ভুক্ত করতে কোন 'ফি' প্রয়োজন হবে না।

৩। ২৯/০১/২০২১ তারিখের পর কোন ফরম পূরণ/নাম অন্তর্ভুক্তির সুযোগ থাকবে না এবং উক্ত তালিকাই চূড়ান্ত তালিকা হিসেবে গণ্য করা হবে।

উল্লেখ্য, জেএসসি রেজিস্ট্রেশনের Password ই ফরম পূরণের Password হিসেবে ব্যবহৃত হবে।

২০-১-২০২১

প্রফেসর মো: কবির আহমদ

পরীক্ষা নিয়ন্ত্রক

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা
সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৫০০.২৯.০০১.২১.৪/১

তারিখ: ৬ মাঘ ১৪২৭

২০ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩) বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৪) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২০-১-২০২১

প্রফেসর মো: কবির আহমদ

পরীক্ষা নিয়ন্ত্রক